

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে মহিলাদের জন্য তাবূ স্থাপন করা জায়েয

ذِكْنُ إِبَاحَةِ الْأَخْبِيَةِ لِلنِّسَاءِ فِي الْمَسْجِدِ

আরবী

1653 ـ أَخْبَرَنَا عُمَرُ بِنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ بِنُ إِسْمَاعِيلَ الْهَبَّارِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو أُسامَةَ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بِنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ: أَنَّ وَلِيدَةً كَانَتْ مِنَ الْعَرَبِ فَأَعْتَقُوهَا فَكَانَتْ مَعَهُمْ فَخَرَجَتْ صَبِيَّةٌ لَهُمْ عَلَيْهَا وِشَاحٌ أَحْمَرُ مِنْ سُيُورٍ قَالَتْ: فَوَضَعَتْهُ فَمَرَّتْ بِهِ حُدَيَّاةٌ وَهُو مُلْقًى فَحَسِبَتْهُ لَحْمًا فَخَطِفَتْهُ قَالَتْ: فَالْتَمَسُوهُ فَلَمْ يَجِدُوهُ فَوَضَعَتْهُ فَمَرَّتْ بِهِ فَقَطَعُوا بِي يفتِّشوني فَفتَّشوا حَتَّى فتَّشوا قُبُلَهَا قالت: فو الله إِنِي قَالَتْ: فَاتَّهُمُونِي بِهِ فَقَطَعُوا بِي يفتِّشوني فَفتَّشوا حَتَّى فَتَشوا قُبُلَهَا قالت: فو الله إِنِي لَقَائِمَةٌ مَعَهُمْ إِذْ مَرَّتِ الحُديَّاةِ فَأَلْقَتْهُ فَوَقَعَ بَيْنَهُمْ قَالَتْ: فَقُلْتُ: هَذَا الَّذِي اتَّهَمُّمُونِي بِهِ لَقَائِمَةٌ وَهُو ذَا هُو قَالَتْ: فَوَقَعَ بَيْنَهُمْ قَالَتْ: فَقُلْتُ: هَذَا الَّذِي اتَّهَمْتُمُونِي بِهِ لَقَائِمَةٌ وَهُو ذَا هُو قَالَتْ: فَجَاءَتْ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَعَمْتُمْ وَأَنَا مِنْهُ بَرِيئَةٌ وَهُو ذَا هُو قَالَتْ: فَجَاءَتْ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْتُ عَائِشَةُ: وَكَانَ لَهَا خِبَاءٌ فِي الْمَسْجِدِ قَالَتْ: فَكَانَتْ تَأْتِينِي فَتَتَحَدَّثُ عَلْهُمْ أَيْدَ فَلَا تَجْلِسُ عِنْدِي مَجْلِسًا إلا قالت: (وَيَوْمَ الْوشَاحِ مِنْ أَعَاجِيبٍ رَبِّنَا ... أَلَا عَنْدِي قَالَتْ مِنْ بَلْدَةِ الْكُفْرِ أَنْجَانِي)

قَالَتْ عَائِشَةُ: فَقُلْتُ لَهَا: مَا شَأْنُكِ لَا تَقْعُدِينَ مَعِي مَقْعَدًا إِلَّا قُلْتِ هَذَا؟ قَالَتْ: فحدَّثتني بِهَذَا الْحَديث .

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1653 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على صحيح البن خزيمة)) (1332)

বাংলা



১৬৫৩. আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক আরব গোত্রের একজন কালো দাসী ছিল। তারা তাকে মুক্ত করে দেন। অতঃপর সে তাদের সাথেই থেকে যায়। একদিন তাদের এক শিশু মুল্যবান পাথর খচিত চামড়ার তৈরি লাল স্কার্ফ পরিধান করে বাড়ি থেকে বের হয়। দাসী বলেন, "শিশুটি স্কার্ফটি রেখে দেয়। অতঃপর তার সেখান দিয়ে একটি চিল যাচ্ছিল, এসময় স্কার্ফটি পড়ে ছিল ফলে চিলটি এটিকে মাংসের টুকরো মনে ছোঁ মেরে তুলে নেয়। সে বলেন, "তারা এটিকে খোঁজা-খুজি করেন কিন্তু তারা সেটি পায় না, ফলে তারা এই ব্যাপারে আমাকে অপবাদ দেয়। তারা আমার পুরো শরীর তল্লাশি করেন এমনকি আমার লজ্জাস্থানেও তল্লাশি করেন। তিনি বলেন, "আল্লাহর কসম, আমি তাদের সাথে দাড়িয়ে ছিলাম, এমন সময় ঐ চিলটি সেখান দিয়ে যাচ্ছিল, অতঃপর সে স্কার্ফটিকে ফেলে দেয়, সেটি তাদের মাঝে পড়ে। তিনি বলেন, "আমি তখন বললাম, "যার জন্য আপনারা আমাকে দোষারোপ করেছেন; আপনারা মনে করছেন যে, সেটি আমি নিয়েছি, অথচ আমি এই ব্যাপারে সম্পূর্ণরূপে নির্দোষ। এটা তো সেই জিনিস। তিনি বলেন, "অতঃপর তিনি রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন এবং ইসলাম গ্রহণ করেন।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "তার জন্য মাসজিদে একটি তাবু ছিল।" তিনি আরো বলেন, "সে নিয়মিত আমার কাছে আসতো এবং আমার সাথে আলাপ-আলোচনা করতেন। সে যখনই আমার কাছে বসতো, তখনই সে বলতো, "স্কার্ফের দিন, আমার প্রতিপালকের এক বিস্ময়কর ঘটনার দিন, জেনে রাখুন, তিনি আমাকে কুফরের নগর থেকে মুক্তি দিয়েছেন।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "আমি তাকে একদিন বললাম, কী ব্যাপার, তুমি যখনই আমার কাছে বসো, তখনই তুমি আমাকে এই কথাটা বলো?" তখন সে আমাকে তার ঘটনাটি বর্ণনা করে।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৩৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীক আলা সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন